

জেলা ইনোভেশন টিম এর জুলাই/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।

সভার স্থান: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ, মাদারীপুর।

তারিখ: ২৪ জুলাই, ২০১৬

সময়: সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ:-

১. জনাব মো: আবিদুর রহমান, সহকারী কমিশনার (আইসিটি) ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
২. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৩. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৪. জনাব মো: শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়াও নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনাস্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়।

➤ ১ নং আলোচ্য বিষয়:

ইনোভেশন সামিটে জেলার উন্নয়ন কর্মকান্ড নিয়ে নির্মিত ভিডিও উপস্থাপন

- ❖ **আলোচনা:** আগামী ২৭-২৯ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য জেলা প্রশাসক সম্মেলনের দ্বিতীয় ও তৃতীয় দিন এ ইনোভেশন সামিট পর্বে ডিজিটাল বাংলাদেশের সামগ্রিক চিত্র হিসেবে জেলাভিত্তিক উন্নয়ন কর্মকান্ডের উপর ভিডিও চিত্র (১৫ মিনিট ও ৫ মিনিট) উপস্থাপনের জন্য একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম হতে নির্দেশনা মোতাবেক দুইটি ভিডিও চিত্র নির্মাণ করে গত ৩০ জুন, ২০১৬ তারিখে বাহক মারফত পাঠানো হয়েছে। ভিডিও চিত্র উপস্থাপন বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য যে, ইনোভেশন সামিটে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও সহকারী কমিশনার (আইসিটি) কে অংশগ্রহণের নির্দেশনা পাওয়া গেছে।
- ❖ **সিদ্ধান্ত:** মাদারীপুর জেলায় বাস্তবায়িত ও গৃহীত উন্নয়ন কর্মকান্ড ও উদ্ভাবনী উদ্যোগসমূহের জন্য নির্মিত ভিডিও চিত্রটি যাতে সুন্দরভাবে উপস্থাপন করা যায় এ জন্য ভিডিও চিত্রের একটি অতিরিক্ত কপি পেনড্রাইভে ও সিডি করে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও সহকারী কমিশনার (আইসিটি) কে সাথে নিয়ে যাওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

➤ ২ নং আলোচ্য বিষয়:

প্রণয়নকৃত বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি

- ❖ **আলোচনা:** গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রণয়নকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০১৬ অনুযায়ী জেলা ইনোভেশন টিম জেলা প্রশাসকের কার্যালয়ের ০৩ টি গুরুত্বপূর্ণ সেবা (যেমন: ১. রেকর্ডরুম হতে পর্চার বিতরণ পদ্ধতি সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা, যাতে সেবা প্রত্যাশিরা ভোগান্তি ছাড়াই যেকোন স্থান হতে বা নিজ নিজ ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে অনলাইনেই পর্চার আবেদন করতে পারে এবং অনলাইনেই পর্চার সরবরাহ পেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পর্চা বিতরণ সম্পূর্ণ অনলাইন ভিত্তিক করার ক্ষেত্রে সফটওয়্যার ডেভেলপ করা দরকার বলে সভায় অভিমত প্রদান করা হয়। উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. বাহক নির্ভর পত্র বিনিময় পরিবর্তন করে ই-মেইল এর মাধ্যমে পত্র যোগাযোগ নিশ্চিত করার জন্য এ কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামার কর্তৃক শাখাভিত্তিক ই-ফাইলিং ও ই-মেইল ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণের চালু রয়েছে এবং ই-মেইল এ পত্র যোগাযোগের হার অনেকাংশে বৃদ্ধি পেয়েছে ৩. শাখাভিত্তিক কর্মরত কর্মচারীর প্রদানকৃত সেবার বিবরণ উপস্থাপনের জন্য ডেব্লভিত্তিক সিটিজেন চার্টার স্থাপনের জন্য খসড়া সিটিজেন চার্টার প্রস্তুত হয়েছে। অচিড়েই চূড়ান্ত প্রকাশনা করা হবে এবং জেলা ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।
- ❖ **সিদ্ধান্ত:** বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে গৃহীত ও চিহ্নিত তিনটি সেবা প্রদানের বিষয়টি নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা সহ মাসিক প্রতিবেদনও জেলা ওয়েবপোর্টালের “ইনোভেশন কর্নার” নামক সাব-মেনুতে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

